



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

০২ নভেম্বর ২০১৭খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের শুনানীর ৫ম দিনে ১৬৮ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি

০২ নভেম্বর ২০১৭ খ্রি. সার্কেল-১ এর আপিলকারীদের আপিল নিষ্পত্তির জন্য সকাল ১১ টা থেকে রিভিউ বোর্ড এর কার্যক্রম শুরু হয়। আজ ১৬৮টি আপত্তি নিষ্পত্তি করা হয়। শুনানীর ৫ম দিনে আপিল রিভিউ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ১৮৫ জন হোল্ডার এর নিকট পত্র প্রেরণ করা হলে তন্মধ্যে ১৬৮ জন হোল্ডার আপীল রিভিউ বোর্ডে শুনানীর জন্য উপস্থিত হন। আপীল রিভিউ বোর্ড হোল্ডারদের আপত্তি আমলে নিয়ে নির্ধারিত ভেল্যু থেকে গড়ে ৬৮.৪৭% ছাড় দিয়েছে। এছাড়াও ২২ জন গরীব হোল্ডারকে বছরে নামমাত্র ৫১ টাকা হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করেছে। ৭ জন অসচ্ছল মুক্তিযোদ্ধা ও ১ জন বিধবাকে পৌরকর সম্পূর্ণ মওকুফ করা হয়। আপিল রিভিউ বোর্ড ১৬৮ জন হোল্ডারের অ্যাসেসমেন্ট ভেল্যু ২ কোটি ৩৪ লক্ষ ২৫ হাজার ৬ শত টাকা থেকে কমিয়ে ৭৩ লক্ষ ৮৫ হাজার ৫ শত টাকা ভেল্যু ধার্য করেছে। ফলে অ্যাসেসমেন্ট ভ্যালু থেকে ১ কোটি ৬০ লক্ষ ৪০ হাজার ১ শত টাকা কর কমল। আপিল রিভিউ বোর্ডের সদস্য কাউন্সিলর হাবিবুল হক বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরবাসীর কাছে তাঁর যে অঙ্গীকার ব্যক্ত করেছেন আইনের আওতায় আপিল বোর্ডের মাধ্যমে তা বাস্তবায়িত হচ্ছে। আপিল রিভিউ বোর্ড নগরবাসীকে আগামী ১১ নভেম্বর এর মধ্যে আপিল করে শুনানীতে অংশগ্রহণ করার আহবান জানান। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে আজ আপীল রিভিউ বোর্ডে মেয়রের পক্ষে সভাপতির দায়িত্ব পালন করেন ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক। আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী এম. আবদুর রশিদ, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, ট্যাক্সেশন অফিসার মোহাম্মদ শাহ আলমসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০২ নভেম্বর ২০১৭খ্রি.

### সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে সন্ত্রাসীদের হাতে নিহত কাকন মল্লিক এর পিতামাতার সাক্ষাত

নগরীর চান্দগাও ওয়ার্ডে গত ২২ অক্টোবর ২০১৭ খ্রি. সন্ত্রাসীদের ছুরিকাঘাতে নিহত কাকন মল্লিক এর প্রতিবন্ধী পিতা নেপাল মল্লিক ও মাতা মিনতি মল্লিক ২ নভেম্বর ২০১৭ খ্রি. বিকেলে, নগরভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে সাক্ষাত করেন। সাক্ষাতে নিঃস্ব ও প্রতিবন্ধী পরিবারের একমাত্র উপার্জনক্ষম সন্তান কাকন মল্লিক নৃশংসভাবে খুন হওয়ার বিষয়গুলো মেয়রকে অবহিত করেন। তারা এ হত্যাকাণ্ডের ন্যায়বিচার প্রত্যাশা করেন। মেয়র কাকন মল্লিক এর পিতা মাতার প্রতি সমবেদনা জানিয়ে তাদের পরিবার চলার একটি অবলম্বন করে দেয়ার আশ্বাস দেন এবং হত্যাকারীদের শাস্তি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কথাও জানান। মেয়র বলেন, এ ধরনের নিষ্ঠুর ও নির্মম হত্যাকাণ্ড নিন্দনীয় অপরাধ। এভাবে আর কোন মায়ের বুক যাতে খালি না হয় সেদিকে প্রশাসনের তীক্ষ্ণ ও দৃষ্টি রাখার আহবান জানান। এসময় ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ নেতা আবদুর রশিদ লোকমান, ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় নেতা ইয়াছির আরাফাত, মহানগর ছাত্রলীগ নেতা বোরহান উদ্দিন গিফারী, ওমর ফারুক সুমন, সাহাব উদ্দিন সাইদ, আলাউদ্দিন বাবু, ইমরান হোসেন জনি, মিঠুন বড়-য়া, ফয়সাল, ফরহাদ, রুবেল বড়-য়া, আবদুল কাদের, আবদুল করিম সহ অন্যান্য উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০২ নভেম্বর ২০১৭খ্রি.

## স্থানীয় সরকার মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন এমপি'র সাথে চউগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের একান্ত বৈঠক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন এমপির সাথে আজ ০২ নভেম্বর ২০১৭ খ্রি. সকালে চউগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এর ভিডিআইপি লাউঞ্জে চউগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন একান্তে বৈঠক করেন। বৈঠকে মেয়র চউগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন, চউগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক পরিস্থিতি, মন্ত্রণালয় প্রেরিত প্রকল্পের বিষয়ে মন্ত্রীকে অবহিত করেন। তিনি চউগ্রাম সিটি কর্পোরেশনের দায়িত্বপালনকালীন সময়ের মধ্যে ৭১৬ কোটি টাকার প্রকল্প এবং গত ৩০ অক্টোবর ১২০ কোটি টাকার প্রকল্প অনুমোদন সহ বিএমডিএফ এর অধিনে ১৫০ কোটি টাকার প্রকল্প এবং জাইকার মাধ্যমে নানা প্রকল্প সহায়তা দিয়ে চউগ্রাম সিটি কর্পোরেশন এর সেবায় অবদান রাখায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এমপিকে আন্তরিক ধন্যবাদ জানান। মেয়র চউগ্রামের সার্বিক উন্নয়ন, বিশ্বমানের বাসপোয়ুগি নান্দনিক শহর গড়ার ক্ষেত্রে মাননীয় মন্ত্রীর আরো সহযোগিতা প্রত্যাশা করেন। এসময় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এমপি বলেন, জননেত্রী শেখ হাসিনার প্রিয় নগরী চউগ্রামের স্বার্থে সব ধরনের সহযোগিতা দিতে তিনি শতভাগ আন্তরিক। এ সহযোগিতা পাওয়ার জন্য যথানিয়মে প্রকল্প তৈরী এবং প্রেরনের জন্য মেয়রকে নির্দেশ দেন। এসময় চউগ্রাম জেলা পরিষদ চেয়ারম্যান এম এ সালাম, চউগ্রাম ওয়াসার এমডি প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ সহ চউগ্রামের বিভিন্ন সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন। স্থানীয় সরকার মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বেলা ১১.১৫ টায় ইউএস বাংলা যোগে চউগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছলে চউগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁকে স্বাগত জানান এবং ফুল দিয়ে শুভেচ্ছা বিনিময় করেন।

### সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা